**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 24.02.2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling & NR : S. BASU**
**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১) স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি ও সংস্কার নিয়ে আলোচনার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ চিকিৎসকদের এক কনভেনশনে যোগ দেবেন।

২/ ২০২৬-এ বিধানসভা নির্বাচনের আগে দলের সাংগঠনিক অবস্থা খতিয়ে দেখতে আগামী বৃহস্পতিবার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে বৈঠকে বসছে তৃণমূল কংগ্রেসের শীর্ষ নেতৃত্ব। # দলের সংগঠনকে শক্তিশালী করতে জেলা সভাপতি নির্বাচনে বিশেষ জোর বিজেপি-র ।

৩/রাজ্য রাজনীতিতে বামপন্থীদের শূণ্য করার জন্য বিপুল অর্থ ব্যবহার করা হয়েছে বলে CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন।

৪/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, নাগরিকদের মধ্যে ওবেসিটি অর্থাৎ স্থূলত্বের সমস্যা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। ‘মন কি বাত’ অনুষ্ঠানে বলেছেন, সকলের জন্য সুস্বাস্থ্য, ‘সবকা সাথ সবকা বিকাশ’-এর মূল স্তম্ভ।

৫/ মোহনবাগান সুপার জায়ান্ট, ISL লীগ শিল্ড জয় করেছে।

*****************************************************************

রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রের উন্নতি এবং সংস্কারের দিকে নজর রেখে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ চিকিৎসকদের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন। কলকাতার ধনধান্যে অডিটোরিয়াম State Level Grievance Redressal Committee, "চিকিৎসার আরেক নাম সেবা" নামে ডাক্তারদের ওই কনভেনশনের আয়োজন করেছে। এতে যোগ দেওয়ার জন্য বিভিন্ন মেডিক্যাল অফিসার, রেসিডেন্ট ডাক্তার, ডাক্তারি পড়ুয়া, চিকিৎসক শিক্ষকদের উপস্থিত থাকতে স্বাস্থ্য দপ্তর থেকে সব জেলার CMOH, বিভিন্ন মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রিন্সিপাল, ডিরেক্টরদেরও নির্দেশ দেওয়া হয়েছে।

বৈঠকে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি ও সংস্কারের ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপের কথা ঘোষণা হতে পারে বলে চিকিৎসকদের ৫ টি সংগঠনের যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ Doctors, West Bengal ও অভয়া মঞ্চ আশা প্রকাশ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে জেপিডি ও অভয়া মঞ্চের পক্ষে 'অ্যাসোসিয়েশন অফ হেলথ সার্ভিস ডক্টরস'-এর সম্পাদক ডাক্তার উৎপল বন্দ্যোপাধ্যায় বলেন, গত ৯ আগস্ট আরজি কর মেডিক্যাল কলেজে 'অভয়া'র নৃশংস হত্যাকান্ড রাজ্যের সরকারি স্বাস্থ্য ব্যবস্থার বহু গুরুতর সমস্যা তুলে ধরেছে। বিভিন্ন অভাব অভিযোগ নিষ্পত্তির জন্য যে গ্রিভান্স রিড্রেসাল কমিটি গঠিত হয়, তারাও দুর্নীতিবাজ এবং থ্রেট কালচারে অভিযুক্তদের বিরুদ্ধে ফলপ্রসূ কোনো ব্যবস্থা নেয়নি।

এদিকে, 'ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট' আজকের বৈঠক বয়কট করেছে। গতকাল সংগঠনের পক্ষে ডক্টর পুলস্থ্য আচার্য এক সাংবাদিক বৈঠকে একথা জানান।

( বাইট- জুনিয়ার ডক্টর )

********************

দলের সাংগঠনিক অবস্থা খতিয়ে দেখার পাশাপাশি আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে দলীয় নেতাদের কাছে বেশ কিছু সাংগঠনিক বার্তা পৌঁছে দিতে নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসতে চলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি। আগামী বৃহস্পতিবার কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে প্রস্তাবিত এই বৈঠকে দলের সর্বস্তরের নেতাদের থাকতে বলা হয়েছে ।

বৈঠকে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় ও রাজ্য সভাপতি সুব্রত বক্সী ছাড়াও থাকবেন, জেলা সভাপতি, বিধায়ক, সাংসদ, ব্লক, মহকুমা,

পুরসভা ও পঞ্চায়েতের জনপ্রতিনিধিরা। বৈঠকে মুখ্যমন্ত্রী সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা যাতে সহজে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, সেই বার্তা দেবেন বলে মনে করা হচ্ছে।

পাশাপাশি সংগঠনের বিভিন্ন স্তরে হতে পারে বেশ কিছু রদবদল।

********************

বিধানসভা নির্বাচনের আগে দলের সংগঠনকে শক্তিশালী করতে বিজেপি প্রতিটি জেলায় জেলা সভাপতি নির্বাচনে বিশেষ জোর দিয়েছে। কলকাতায় গতকাল দলের দুদিনের সাংগঠনিক বৈঠকের পর রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, রাজ্যে বিভিন্ন জেলায় ৫০ শতাংশের বেশি মন্ডল সভাপতি নির্বাচিত হয়েছে। যে জেলায় ৫০শতাংশের বেশি মন্ডল সভাপতি নির্বাচিত হয়ে গেছে, সেই জেলাগুলি জেলা সভাপতি নির্বাচনের যোগ্যতা লাভ করেছে।

( বাইট- সুকান্ত )

********************

বিজেপি রাজ্যে NRC-র দাবী জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল এক সাংবাদিক বৈঠকে বলেন, রাজ্যে যেভাবে ভুয়ো ভোটার ধরা পড়ছে, তা' অত্যন্ত উদ্বেগের বিষয়। জঙ্গী সংগঠনের সদস্যরাও রাজ্যে ভোট দেয় কিভাবে, সে প্রশ্ন'ও তোলেন তিনি।

( বাইট- শুভেন্দু ভোটার )

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ বলেন, কেন্দ্রের এজেন্সিগুলি ফিজিক্যাল ভেরিফিকেশন না করে অনলাইনে এই ভুয়ো ভোটারের নাম তুলছে। এভাবে মহারাষ্ট্রে, দিল্লিতে বিজেপি, ভুতুড়ে ভোটারের নাম তুলেছে বলে দাবি করেন কুণাল বাবু। এটি বাংলাতেও করার চেষ্টা হচ্ছে বলে তাঁর অভিযোগ।

( বাইট- কুণাল )

********************

CPIM-এর ২৭ তম রাজ্য সম্মেলনের দ্বিতীয় দিনে সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম অভিযোগ করেছেন, রাজ্যের সংসদীয় রাজনীতিতে বামপন্থীদের শূন্য করা হয়েছে বিপুল পরিমাণ অর্থ ব্যবহার করে। ভোট লুঠ করা হয়েছে, গণনা কেন্দ্র

বদলানো হয়েছে। তাঁর অভিযোগ, ২০১১ সালের বিধানসভা নির্বাচনের সময় থেকেই রাজ্যের ভোটে বিদেশী অর্থ ব্যবহার করা হচ্ছে। ২০২৪ সালের লোকসভা নির্বাচনেও ভোটে জিততে বেআইনীভাবে অর্থের ব্যবহার করা হয়েছিল বলে তাঁর অভিযোগ।

হুগলীর ডানকুনিতে আয়োজিত এই সম্মেলন চলবে আগামীকাল পর্যন্ত।

********************

পুরুলিয়ার ঝালদায় কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক ছেড়ে ৩৬ টি পরিবার তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। বাঘমুন্ডির বিধায়ক সুশান্ত মাহাতো গতকাল তাঁদের হাতে দলীয় পতাকা তুলে দেন। মুখ্যমন্ত্রীর নেতৃত্বে উন্নয়নে সামিল হতেই যোগদান বলে দাবী বিধায়কের।

********************

'ওয়ার্ল্ড অডিও ভিস্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট'-WAVES, ২০২৫-এর মূল ভাবনাকে ফুটিয়ে তুলতে WAVES প্রোমো ভিডিও চ্যালেঞ্জের সূচনা হয়েছে।

'ক্রিয়েট ইন ইন্ডিয়া' চ্যালেঞ্জের অঙ্গ হিসেবে এই প্রতিযোগিতা কনটেন্ট ক্রিয়েটার এবং কাহিনীকার-দের আকর্ষণীয় ভিডিও তৈরী করতে আহ্বান জানাচ্ছে। 'ইন্ডিয়ান ব্রডকাস্টিং অ্যান্ড ডিজিট্যাল ফাউন্ডেশন'-IBDF, তথ্য সম্প্রচার মন্ত্রকের সহযোগিতায় এই চ্যালেঞ্জের আয়োজন করছে। এখনো পর্যন্ত 'ক্রিয়েট ইন ইন্ডিয়া' চ্যালেঞ্জে ৭৩ হাজারের বেশী মানুষ অংশ গ্রহণ করেছেন।

মূলতঃ ১৮ বছর বা তার বেশী বয়সের ভারতীয় নাগরিক এবং প্রবাসীরাও এতে যোগ দিতে পারবেন। আবেদনের শেষ তারিখ ২৮ শে ফেব্রুয়ারী। ১৫'ই মার্চ ঘোষিত হবে বিজয়ীদের নাম।

********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ওবেসিটি অর্থাৎ স্থূলত্বের ক্রমবর্ধমান সমস্যা সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন হতে বলেছেন।

আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে গতকাল তিনি বলেন, স্থূলতা, বর্তমানে একটি ব্যাধি হয়ে দাঁড়িয়েছে। প্রতি আট জনের মধ্যে একজনই ওবেসিটির সমস্যায় ভুগছেন। শিশুদের মধ্যে মেদ বৃদ্ধির সমস্যা চার গুণ বেড়েছে বলে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

সকলের জন্য সুস্বাস্থ্য, 'সবকা সাথ সবকা বিকাশ'-এর মূল স্তম্ভ বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

( বাইট- MKB ওবেসিটি )

********************

বাঁকুড়া জেলার জঙ্গল লাগোয়া গ্রামগুলিতে হাতির অত্যাচারে অতিষ্ঠ মানুষকে সুরক্ষা দিতে এবার উদ্যোগী হয়েছে বনদপ্তর। আগামী পাঁচ বছরের মধ্যে বাঁকুড়া উত্তর বনবিভাগের বেশ কয়েকটি অরণ্যে হাতিদের উপযুক্ত বাসস্থান গড়ে তোলার প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। একটি প্রতিবেদন- ( বাঁকুড়া দেবাশিস )

********************

প্রয়াত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়ের স্মৃতিতে কলেজ স্ট্রিটের “বই-চিত্র" সভাগৃহে গতকাল বিকেলে এক স্মরণসভার আয়োজন করা হয়। পশ্চিমবঙ্গ গণসংস্কৃতি পরিষদ আয়োজিত এই অনুষ্ঠানে সংগীত,সাহিত্য ও রাজনীতি জগতের বিশিষ্ট জনেরা প্রতুল মুখোপাধ্যায়ের স্মৃতিচারণ করেন।

********************

ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি চলেছে। ফলে কিছুটা কমেছে সর্ব্বোচ্চ তাপমাত্রা। আজ’ও উত্তরবঙ্গের জেলাগুলিতে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উচ্চ পার্বত্য অঞ্চলে হতে পারে তুষারপাত’ও।
কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল- ২১ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে এক দশমিক সাত ডিগ্রি সেলসিয়াস বেশী। সর্ব্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

********************

মোহনবাগান সুপার জায়ান্ট আইএসএল লিগ শিল্ড জয় করেছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল মোহনবাগান ১-০ গোলে ওডিশা এফ সি-কে হারিয়ে দু ম্যাচ বাকি থাকতেই লিগ শিল্ড জিতে নিয়েছে। খেলার অন্তিম মুহূর্তে দিমিত্রি পেত্রাতোস গোল করেন। মোহনবাগান ২২ ম্যাচে ৫২ পয়েন্ট নিয়ে পরপর দুবার এই খেতাব জয় করলো।

***********************************************************************